

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 31 May, 2025

চার দিনের সরকারি সফর শেষে আজ শনিবার (৩১ মে) সকালে দেশের উদ্দেশে টোকিও ত্যাগ করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার জানান, স্থানীয় সময় সকাল ১১টা ২০ মিনিটে ফ্লাইটটি নারিতা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে রওনা হয়েছে। বাংলাদেশ সময় রাত ১০টা ৪০ মিনিটে তার ঢাকায় পৌঁছার কথা।

এর আগে শুক্রবার (৩০ মে) সকালে জামানের প্রধানমন্ত্রীর কার্যালয়ে দেশটির প্রধানমন্ত্রী শিগেরু ইশিবার সঙ্গে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়।

যৌথ বিবৃতিতে জানানো হয়, বৈঠকে ৬টি সমঝোতা স্মারক সই; বাজেট সহায়তা, রেলপথ উন্নয়ন ও অনুদান হিসেবে বাংলাদেশকে ১ দশমিক ০৬৩ বিলিয়ন ডলার দেবে জাপান।

বৈঠকে পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনার পাশাপাশি উন্মুক্ত ও শান্তিপূর্ণ ইন্দো-প্যাসিফিকে বাংলাদেশের সমর্থন জানানো হয়।

বিবৃতিতে আরও জানানো হয়, রোহিঙ্গাদের টেকসই-নিরাপদ প্রত্যাবাসনই একমাত্র সমাধান।

উভয় দেশের মধ্যে চলমান সহযোগিতার সম্পর্ক আরও এগিয়ে নেয়ার বিষয়টি বৈঠকে গুরুত্ব পায় বলেও প্রধান উপদেষ্টার প্রেস উইং সূত্র জানিয়েছে।

এর আগে সকালে জাপানের প্রধানমন্ত্রীর দপ্তরে বাংলাদেশের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস পৌঁছালে তাকে গার্ড অব অনার প্রদান করা হয়।

গত মঙ্গলবার দিবাগত রাত ২টা ১০ মিনিটে ক্যাথে প্যাসিফিক এয়ারলাইনসের একটি ফ্লাইটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করেন প্রধান উপদেষ্টা।

মুহাম্মদ ইউনূস প্রধান উপদেষ্টা

URL: <https://www.timestodaybd.com/national/3167222960>